

যায়যায়দিন

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ সৃষ্টি

যায়দি রিপোর্ট

সরকার রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪টি পদের একটিকে উন্নতিকরণের মাধ্যমে প্রধান শিক্ষকের পদ সৃষ্টি করেছে। একই সঙ্গে তাদের বেতন স্কেল নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সরকার ১৪ জুলাই একটি পরিপত্র জারি করেছে। এ পরিপত্র ১ জুলাই থেকে কার্যকর হবে।

জানা গেছে, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে একজন শিক্ষক দায়িত্ব পালন করলেও সরকারিভাবে প্রধান শিক্ষক বলে কোনো পদ ছিল না। এ পদ সৃষ্টির জন্য বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা আন্দোলন সংগ্রাম করেছিলেন। ধারাবাহিক আন্দোলন সংগ্রামের ফসল হিসেবেই তারা এ

১০০ ক

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার ধর)

সফলতা পেয়েছেন। এ কথা জানিয়েছেন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ শামসুল আলম। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, নতুন স্থিতিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকরা ৩৫০০ টাকা স্কেলের ৯৫ ভাগ এবং প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষকরা ৩০০০ টাকা স্কেলের ৯৫ ভাগ পাবেন। এর সঙ্গে বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাড়া বাবদ ৪০০ টাকা পাবেন। যা বর্তমানেও বহাল রয়েছে। বর্তমানে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা ৩০০০ টাকা স্কেলের ৯৫ ভাগ এবং প্রশিক্ষণবিহীন শিক্ষকরা ২৬০০ টাকা স্কেলের ৯৫ ভাগ হিসেবে বেতন পাচ্ছেন। বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ শামসুল আলম যায়যায়দিনকে বলেন, সরকারের এ সিদ্ধান্তে তারা খুশি। তবে সরকার যদিও তাদের পুরোপুরি সরকারি হিসেবে গণ্য করে নেবে সেদিনই তাদের আন্দোলনের পূর্ণ সফলতা আসবে।